জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জঃপৌঃসঃ/প্রকৌ/২০২১-২২/৭৯০ তারিখঃ ০২/০৩/২০২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৬ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১০/০৩/২০২২ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার সময়ঃ বেলা ২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৬ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। করোনার টিকার বিষয়ে আলোচনা।
৩। মশক নিধন বিষয়ে আলোচনা ।
৪। বিবিধ

০২/০৩/২০২২

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৬
জয়পুরহাট পৌরসভা।
০২/০৩/২০২২

প্রাপক ঃ

........................................................

........................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৫৮ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০৬

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান : পৌরসভা মিলনায়তন।

তারিখ : ১০/০৩/২০২২ইং।

রোজ : বৃহস্পতিবার।

সময় : বেলা ২.০০ ঘটিকা।

অদ্য ১০/০৩/২০২২ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার, সময়ঃ বেলা ২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ৬নং ওয়ার্ড কমিটি' সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬।
সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

<u>১ নং আলোচ্য সূচী : গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে :</u>

আলোচনা : সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মোস্তাফিজার রহমান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচি গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত : গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ ক হলো।

<u>২ নং আলোচ্য সূচী</u> : করোনার টিকার বিষয়ে আলোচনা :

আলোচনা : ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ করোনার টিকা ও মাস্কের গুরুত্ব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন তিনি বলেন স্বাস্থ্য বিশেষজ্ঞ থেকে শুরু করে নীতি নির্ধারকগণ সবাই বলছেন বাসার বাইরে অবশ্যই মাস্ক পরতে হবে। করোনা সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য এটা অপরিহার্য। কিন্তু সাধারণ মানুষ মানছে না। দেখা যায়, হাটবাজারে, রাস্তাঘাটে চলাফেরায় খুব ব মানুষই মুখে মাস্ক ব্যবহার করে। ফলে সংক্রমণের হার কমতে থাকলেও হঠাৎ করে আবার বেড়েও যাচ্ছে। এই ওঠানামা বন্ধ করে দরকার স্বাস্থ্যবিধি মেনে চলা। এর প্রথম শর্ত হলো বাইরে চলাফেরায় সব সময় মাস্ক ব্যবহার। আরতা ছাড়া কিছুক্ষণ পরপর হা ধোয়া, জনসমাগম এড়িয়ে চলা, শাকসবজি ফলমূল, পুষ্টিকর খাবার খাওয়া, পর্যাপ্ত বিশ্রাম প্রভৃতি তো আছেই। এর অনেক কিছু বেশির ভাগ মানুষ মানে না। কারণ, এসবের প্রয়োজনীয়তা সম্পর্কে অনেকে খুব বেশি সচেতন না। এছাড়াও যারা করোনার টিকা দে

নাই তাদেরকে করোনার টিকা গ্রহনের জন্য তাগিদ দেওয়া হয়।পৌরসভার স্বাস্থ্যকেন্দ্র এবং হাসপাতালগুলোতে করোনার টিকা দেওয়া হচ্ছে,সেখানে গিয়ে সবাইকে করোনার টিকা গ্রহনের পরামর্শ দেওয়া হয়।

সিদ্ধান্ত ঃ করোনার টিকা গ্রহনে সবার অংশগ্রহন নিশ্চিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ।

৩ নং আলোচ্য সূচী ঃ মশক নিধন বিষয়ে আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ হোসেন মশক নিধন করার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন এখন গরমের শুরুর দিকেই মশার ব্যাপক উৎপাত শুরু হয়েছে। মশার জ্বালায় এখন দিনের বেলায়ও ঘরের মধ্যে থাকা যায় না। মশার কামড়ে মানুষ বিভিন্ন সংক্রমনে আক্রান্ত হচ্ছে। এজন্য সবাইকে মশার আক্রমন থেকে সচেতন থাকার জন্য বলা হয়।

সিদ্ধান্ত ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ দেওয়ান ইকবাল হোসেন সভায় এ বিষয়ে সবাইকে অবগত করেন যে মশক নিধনের জন্য পৌরসভা থেকে স্প্রে করার ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি WC কমিটি
ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।
তারিখ ঃ ১০/06/2022

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/৬২১(০৬)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৬
৩। অফিস নথি।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি WC কমিটি
ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৬ - এর
### ৫৮ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ মোঃ মামুনুর রশিদ, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/০৩/২০২২ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
বেলা ঃ বেলা ২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মামুনুর রশিদ | কাউন্সিলর (সাধারণ),ওয়ার্ড নং-৬ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ৩ | বেনজির আহম্মেদ | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৪ | লাইজু আহম্মেদ | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৫ | আশা বেগম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৬ | মোঃ সহিদুল ইসলাম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৭ | মোঃ দিলদার হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৮ | আলতা বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৯ | মোছাঃ সেলী বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ১০ | মোঃ মোস্তাফিজার রহমান | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |

D:\Mostafizar (Millat)\Report (WC) & (SC)\WC & SC Report Dec-2021\WC Meeting\March-2022\WC ALLRegulation (December)\WLCC- Attendent.doc